

💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ২০. প্রাণ নিয়ে খেললেন যারা (علي الموت للرسول صـ)

রাসূলুল্লাহ (ছাঃ)-এর দান্দান মুবারক শহীদ হওয়ার পর সেই কঠিন মুহূর্তে মুষ্টিমেয় যে কয়জন ছাহাবী রাসূল (ছাঃ)-এর নিকটে ছুটে এসে তাঁকে বাঁচানোর জন্য নিজেদের জীবন নিয়ে খেলতে থাকেন, তাঁরা ছিলেন হযরত আবু দুজানা, মুছ'আব বিন ওমায়ের, আলী ইবনু আবী ত্বালেব, সাহ্ল বিন হুনায়েফ, মালেক ইবনু সিনান (আবু সাঈদ খুদরীর পিতা), উম্মে 'উমারাহ নুসাইবাহ বিনতে কা'ব আল-মাযেনিয়াহ, ক্বাতাদাহ বিন নু'মান, ওমর ইবনুল খাত্ত্বাব এবং আবু ত্বালহা (রাযিয়াল্লাহু 'আনহুম)। এঁদের মধ্যে মুছ'আব বিন উমায়ের এবং মালেক ইবনু সিনান শহীদ হয়ে যান' (আর-রাহীক ২৭০ পৃঃ)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5470

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন